# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৭তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ০২ মে ২০২৩, বিকাল ০২.৩০ টা। |
| সভার স্থান | : | ১ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য (সরাসরি) । |

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সভায় উপস্থিত সবাইক স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আহমেদ শাফী, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে কার্যপত্রের আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভা ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:, রোজ বৃহস্পতিবার বিকাল ০২.০০ ঘটিকায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ১ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২০/০২/২০২৩ খ্রি: তারিখের ১২.০৪.০০০০.০১০.০৬.০০২.১৮.৩৪০ নং স্মারকে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কারিগরি কমিটির ১০৬তম সভার আলোচ্য বিষয় ২ সম্পর্কিত আলোচনায় হাইব্রিড ধানের জাতের ফলাফলে পাশ ফেল শব্দগুলোর পরিবর্তে ২০% হেটারোসিস বেশি বা কম উল্লেখ করার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচ্য বিষয় ৪ সম্পর্কিত আলোচনায় লো জিআই এর শ্রেণীবিভাগ সংযোজন করার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচনা শেষে প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। অদ্যকার সভায় আলোচনাপূর্বক ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী সংশোধনপূর্বক নিশ্চিতকরণের সিদ্ধান্ত নেওয়া হয়।

**সিদ্ধান্ত: ঐক্যমতের ভিত্তিতে ১০৬তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ২ ও ৪ সংশোধন সাপেক্ষে উপস্থাপিত জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভার কার্যবিবরণীটি নিশ্চিতকরণ করা হলো।**

**আলোচ্য বিষয় ২: ২০২২-২৩ আমন মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

১ম বর্ষ ২০২১-২২ এবং ২য় বর্ষ ২০২২-২৩ **আমন** মৌসুমের **১১** (এগারো)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ১৫ (পনের)টি হাইব্রিড জাতের বীজের নমুনা পরীক্ষার জন্য পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত হাইব্রিড ধানের জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**১ম বর্ষ: মোট ১০টি**

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Auto Crop Care Limited | Auto Crop Care Hybrid dhan2 (PAC 8202219) 14179510A/16179510R | India | 2022-23 |
| 2 | Bayer CropScince Limited | Bayer Hybrid dhan9 Arize® AZ 2241 ST | India | 2022-23 |

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 3 | Ispahani Agro Limited | Ispahani Hybrid dhan13 (SAVA 2102)<br>EC899139 / EC935957 | India | 2022-23 |
| 4 | DuPont Bangladesh Limited | DuPont Hybrid dhan1<br>XRA98968 (28P68) | India | 2022-23 |
| 5 | DuPont Bangladesh Limited | DuPont Hybrid dhan2<br>XRA58963 (28P94) | India | 2022-23 |
| 6 | Syngenta Bangladesh Limited | Syngenta Hybrid dhan13 (S1207) (NK-17508)<br>9538A/ XAR10224 | India | 2022-23 |
| 7 | United seed store | United Hybrid dhan1 (ARBH 21001)<br>14189001A/ 16189001R | India | 2022-23 |
| 8 | Petrochem Agro Industries Limited | Petrochem Hybrid dhan8 (ARBH 18030)<br>RM 206F/RM 206R | India | 2022-23 |
| 9 | Sugandha Agri Industies | Sugandha Hybrid dhan4 (HQ04) | China | 2022-23 |
| 10 | Sugandha Agri Industies | Sugandha Hybrid dhan5 (KPHE-185) | India | 2022-23 |

২য় বর্ষ ৫টি:

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Aftab Bahumukhi Farm Ltd. | Aftab Hybrid dhan5 (IAHS 100.002)<br>100.002: IAHS25A/100.002M: IASNRB30-22(P)R | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 2 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan7 (ZYR 8) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 3 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan8 (ZYR 125) | China | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 4 | Supreme Seed Company Ltd. | Supreme Hybrid dhan18 (PAN-8385) (Heera-18) | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |
| 5 | Petrochem Agro Industries Limited | Petrochem Hybrid dhan7 (Pioneer 27P37)<br>RA 401F/ R 872 | India | 2021-22 (1st year) & 2022-23 (2nd year) |

উক্ত ১৫টি হাইব্রিড জাতের সাথে ১টি চেক জাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। ১টি সেটে (কোড নং- H-1584 থেকে H-1599) ১টি চেকজাতসহ মোট ১৬টি জাত বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতের কোড উন্মুক্ত করা হয়। ১ম ও ২য় বর্ষে হাইব্রিড জাতের চেক জাত হিসেবে ব্রিধান৮৭ ব্যবহার করা হয়েছে। প্রথম বছরের ১০টি জাতের পরবর্তী বছরে ট্রায়াল স্থাপন করে ফলাফল মূল্যায়ন করা হবে।

হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা, ***২০২০ অনুযায়ী প্রস্তাবিত জাতটির ট্রায়ালের ফলাফল বিশ্লেষণে কমপক্ষে ৪টি অঞ্চলে*** নিবন্ধনযোগ্য হইলে সারাদেশে এবং ৩টি ***অঞ্চলে*** নিবন্ধনযোগ্য হইলে ***অঞ্চল***ভিত্তিক নিবন্ধনযোগ্য হইবে। ***হাইব্রিড ধানের জাত মূল্যায়নে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রিড জাতকে চেক জাত হিসাবে ব্যবহার করিতে হইবে এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাতের চেয়ে ২০% বেশী Heterosis হইলে হাইব্রিড জাত হিসাবে নিবন্ধন করার সুপারিশ করিতে হইবে।***

২য় বর্ষে ট্রায়ালকৃত ০৫টি আমন হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ০৫টি জাতের ফলন চেক জাতের চেয়ে ২০% বেশী Heterosis পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত: ২০২২-২৩ আমন মৌসুমে হাইব্রিড ধানের ০৫টি জাত নিবন্ধনের শর্ত পূরণ না করায় কোনো জাতই নিবন্ধনের জন্য জাতীয়** বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো না।

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত জলমগ্নতা সহিষ্ণু ০১ (এক)টি ইনব্রিড আমন ধানের জাত ছাড়করণ।**

IR16F1148 **(ব্রি ধান১০৭):** ব্রি ধান১০৭ এর কৌলিক সারি আইআর১৬এফ১১৪৮। উক্ত কৌলিক সারিটি আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এ ২০১৩ সালে আইআর২৬২ এর সাথে পিআর৩০২৪৫-১০-৪১৪ এর সংকরায়ণ করে এবং পরবর্তীতে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত হয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে প্রস্তাবিত আমন ধানের জাতটি ২০২২-২৩ খরিফ মৌসুমে অনফার্ম ৪টি (দেওয়ানগঞ্জ, জামালপুর; মিঠাপুকুর, রংপুর; সদর, কুড়িগ্রাম; মোগলহাট, লালমনিরহাট) এবং অনস্টেশন ২টি (ব্রি, গাজীপুর-১; ব্রি, গাজীপুর-২) সহ মোট ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়।

প্রস্তাবিত ব্রি ধান১০৭ এর ডিগ পাতা খাড়া, গাঢ় সবুজ, প্রশস্ত ও লম্বা, পাতার রং সবুজ। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১২০ সে. মি. । জাতটির গড় জীবনকাল বন্যামুক্ত পরিবেশে ১২৩ দিন এবং দুই সপ্তাহের বন্যায় ১৩৩ দিন । ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২২.০৬ গ্রাম, চালের আকার আকৃতি লম্বা ও মাঝারি চিকন এবং রং সাদা। এ ধানের দানায় এ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৪.৩ ভাগ এবং ভাত ঝরঝরে। এছাড়া প্রোটিনের পরিমাণ শতকরা ৮.৮ ভাগ ।

বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity** এবং **Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Leaf sheath: anthocyanin color, Lemma: anthocyanin coloration of apex, Culm diameter, Culm: Length, Panicle: length, Spikelet: color of tip of lemma, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grains (at 12%), Grain: length (without dehulling), Decorticated grain: length (After dehulling, before milling), Decorticated grain: shape (Length-breadth ratio, Decorticated, unpolished grain: color** এবং **Endosperm : content of amylose** এই ১৩টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত বিনা ধান১১ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

***ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, প্রতিকূল পরিবেশ সহিষ্ণু জাতের (বন্যা, আকস্মিক বন্যা, খরা, ঠান্ডা, লবণাক্ততা, জলাবদ্ধতা, জোয়ার-ভাটা ইত্যাদি) বিবেচনায় ন্যূনতম ৬টি অঞ্চলে ২টি অনস্টেশন পরীক্ষা এবং ৪টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৪টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে অঞ্চলভিত্তিক/সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে। তবে বিশেষক্ষেত্রে বিদ্যমান পরিস্থিতিতে ন্যূনতম ৬টি অঞ্চল না পাওয়া গেলে সেইক্ষেত্রে ৬টি এর কম সংখ্যক অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা যাবে। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চেয়ে কমপক্ষে ৪টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হলে অঞ্চলভিত্তিক ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।***

এ প্রেক্ষিতে ড. মির্জা মোফাজ্জল ইসলাম, মহাপরিচালক, বিনা প্রস্তাবিত জাতটি ফসলের বৃদ্ধির কোন পর্যায়ে কতদিন জলমগ্ন অবস্থায় ছিল তা জানতে চান। ড. শর্মিষ্ঠা ঘোষাল, এসএসও, ব্রি জানান যে, দৈহিক বৃদ্ধি পর্যায়ে ১৪ দিন জলমগ্ন অবস্থায় ছিল।

ড. খালেকুজ্জামান, পরিচালক (গবেষণা), ব্রি আরো উল্লেখ করেন যে, ব্রি, গাজীপুরে submergence tank এ ট্রায়াল করা হয়, যেখানে কৃত্রিম পরিবেশে ৩ সপ্তাহ (২১দিন) পর্যন্ত জলমগ্ন অবস্থায় ছিল।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি জানতে চান, প্রস্তাবিত জাতটিতে জলমগ্নতা সহনশীল জিনের উপস্থিতি রয়েছে কি না। এ প্রেক্ষিতে উক্ত জাতের ব্রিডার ড. খন্দকার মো: ইফতেখারদৌলা, সিএসও, ব্রি বলেন, এটি ইরির একটি কৌলিক সারি। উক্ত জাতটিতে ব্রি ধান৫১ ও ৫২ এর অনুরূপ জলমগ্নতা সহনশীল জিনের উপস্থিতি রয়েছে । তিনি আরও বলেন, বিদ্যমান গাইডলাইনে stress tolerance জাতের ক্ষেত্রে অঞ্চলের সংখ্যা সীমিত করে দেওয়া হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে stress tolerance জাতের ক্ষেত্রে মাঠ পর্যায়ে জাতটির উপযোগিতা যাচাই এর জন্য বেশি সংখ্যক স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা প্রয়োজন। এ ব্যাপারে ড. শামসুন্নাহার বেগম, সিএসও, বিনা একমত পোষণ করেন। ড. মো. আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন, stress tolerance জাতের ক্ষেত্রে ট্রায়ালকৃত অঞ্চলের সংখ্যা বৃদ্ধি করে বিদ্যমান ইনব্রিড ধানের জাত মূল্যায়ন ও ছাড়করন পদ্ধতির গাইডলাইনে সংযোজন করে সেটি পুনরায় বীজ উইং, কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।

জনাব আহমেদ শাফী, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী জানান, প্রস্তাবিত জলামগ্নতা সহিষ্ণু জাতটি শুধুমাত্র ১টি স্থানে (ব্রি, গাজীপুর) কৃত্রিম পরিবেশে submergence tank এ ট্রায়াল করা সম্ভব হয়েছে। অবশিষ্ট ৫টি স্থানে প্রতিকূল পরিবেশ পাওয়া যায় নি।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় এর সাথে একমত পোষণ করেন এবং পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে বলেন। তিনি আরো বলেন, যেহেতু প্রস্তাবিত জাতটিতে জলমগ্নতা সহনশীল জিনের উপস্থিতি রয়েছে, সেহেতু জাতটি পুনরায় প্রতিকূল পরিবেশ সহিষ্ণু এলাকায় ট্রায়াল করা যেতে পারে। এ বিষয়ে সভার সকলে একমত পোষণ করেন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৭ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL. NO. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Opinion of Field Evaluation Team | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 1 | Dhaka | BRRI, Gazipur-1 | 124 | 117 | 5.46 | 4.76 | ShB-3, BB-1 | ShB-3, BB-1 | LR-1 | SB-1 | | **14.70%** | ৫টি স্থানে (২টি অনস্টেশন ও ৩টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |
| 2 | | BRRI, Gazipur-2 | 133 | 127 | 3.20 | 2.79 | 3 | 3 | 3 | 3 | Submergence tanks are provided with 110 cm artificial flooding for 14 days | **14.69%** | |
| 3 | | Dewanganj, Jamalpur | 122 | 119 | 5.85 | 4.82 | ShB-5, Blast-1 | ShB-7, Blast-1 | SB-3, RB-1 | SB-5, RB-3 | The submerge tolerance feature could not be verified as it was not submerged in flood | **21.36%** | |
| 4 | Rangpur | Mithapukur, Rangpur | 124 | 121 | 6.65 | 5.95 | ShB-1 | ShB-1 | SB-1, BPH-1 | SB-1, BPH-1 | | **11.76%** | |
| 5 | | Sadar, Kurigram | 124 | 121 | 4.93 | 3.56 | ShB-1 | ShB-1 | SB-1 | SB-1 | | **38.48%** | |
| 6 | | Mogalhat, Lalmonirhat | 122 | 119 | 5.47 | 5.03 | ShB-3 | ShB-3 | SB-1 | SB-1 | | **8.75%** | |
| Mean | | | 125 | 121 | 5.26 | 4.48 | | | | | | | |

Check variety-BINA dhan11

N.B: SHB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, LB=Leaf Blight, LS=Leaf Steak, BLS=Bacterial leaf Steak, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper,

**সিদ্ধান্ত: (১) প্রস্তাবিত কৌলিক সারিটি IR16F1148 প্রতিকূল পরিবেশ সহিষ্ণু এলাকায় পুনঃট্রায়াল করে তথ্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করবে।**

(২) **Stress tolerance** জাতের ক্ষেত্রে ট্রায়ালকৃত অঞ্চলের সংখ্যা বৃদ্ধি করে বিদ্যমান ইনব্রিড ধানের জাত মূল্যায়ন ও ছাড়করন পদ্ধতির গাইডলাইনে সংযোজন করে সেটি পুনরায় বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**আলোচ্য বিষয় ৪: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি ইনব্রিড বোনা আমন ধানের জাত ছাড়করণ।**

**BR10260-5-15-21-6B (ব্রি ধান১০৮):** ব্রি ধান১০৮ এর কৌলিক সারি নং BR10260-5-15-21-6B। হাওর ও বিলের অগভীর বন্যার পানিযুক্ত (১ মিটার) নিচু এলাকার উপযোগী বোনা আমন মওসুমের জন্য জলি আমন ধানের এ জাতটি নির্বাচন করা হয়। তিলোক-কাচারি (মধ্যম মাত্রার স্টেম ইলঙ্গেশন ও মধ্যম মাত্রার জলমগ্নতা সহিষ্ণু) এবং ব্রি ধান৪১ এর মধ্যে সংকরায়ণের মাধ্যমে এবং কৌলিক বাছাই (Pedigree Selection) পদ্ধতিতে BR10260-5-15-21-6B উদ্ভাবিত হয়। ২০২২-২৩ সালে কৌলিক সারিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০(দশ)টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়।

ব্রি ধান১০৮ একই সাথে লম্বা ও হেলে পড়া সহিষ্ণু; ১৬৭ সেমি উচ্চতার লম্বা গাছে উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান ডিগ পাতা খাড়া ও গাঢ় সবুজ। এ জাতের কান্ডের গোড়া বাঁশের মত শক্ত, কান্ডে শর্করার পরিমান প্রচলিত জাতের চেয়ে প্রায় তিন গুন বেশী। মধ্যম মাত্রার স্টেম ইলঙ্গেশন প্রদর্শনপূর্বক এটি অগভীর বন্যার পানিযুক্ত (১ মিটার) নিচু অঞ্চলে টিকে থাকতে পারে। ধানের দানার আকৃতি মাঝারি মোটা। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৪.৯৮ গ্রাম, প্রোটিনের পরিমান ৭.৯ % ও এ্যামাইলোজের পরিমান ২৭.৫%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity** এবং **Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Leaf sheath: anthocyanin color, Time of heading (50% of plants with heads), Culm diameter , Culm: Length, Panicle: number of effective tillers in plant, Spikelet: color of tip of lemma, Time of maturity, Grain: length (without dehulling)** এবং **Spikelet: Sterile lemma length** এই ৯টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৯১ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

***ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, প্রতিকূল পরিবেশ সহিষ্ণু জাতের (বন্যা, আকস্মিক বন্যা, খরা, ঠান্ডা, লবণাক্ততা, জলাবদ্ধতা, জোয়ার-ভাটা ইত্যাদি) বিবেচনায় ন্যূনতম ৬টি অঞ্চলে ২টি অনস্টেশন পরীক্ষা এবং ৪টি অনফার্ম পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৪টি অঞ্চলে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে অঞ্চলভিত্তিক/সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।***

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি জানতে চান, বাংলাদেশে কোন অঞ্চলে এখনও বোনা আমন ধানের চাষাবাদ হয় কি না। এ প্রসঙ্গে উক্ত জাতের ব্রিডার এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, ব্রি বলেন, বাংলাদেশের বৃহত্তর সিলেট, কিশোরগঞ্জ, পাবনা, রাজশাহীর হাওর ও বিলের অগভীর নিচু জমিসহ কুমিল্লা, নোয়াখালী, বৃহত্তর ফরিদপুর, মানিকগঞ্জ ও টাঙ্গাইল অঞ্চলের অগভীরের নিচু জলাবদ্ধ জমিতে প্রায় ১ মিলিয়ন হেক্টর এলাকায় বোনা আমন ধানের চাষাবাদ করা হয়। ড. আবু জামান সরকার, পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), বিডব্লিউএমআরআই জানতে চান প্রস্তাবিত জাতটি বন্যার পানির বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পাবে, নাকি আকস্মিক বন্যার পানির সাথে বৃদ্ধি পাবে।

এ পর্যায়ে ড. খালেকুজ্জামান, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, এটি একটি অগভীর বন্যার পানিযুক্ত নিচু এলাকার উপযোগী বোনা আমন ধানের জাত এবং ১ মিটার (৩ফিট) পর্যন্ত পানিতে ডুবে থাকলে গাছ ধীরে ধীরে বৃদ্ধি পাবে।

এম এ সালাম, চীফ এডভাইজর রাইস জেনেটিক্স, এসিআই বলেন, মূল্যায়ন ফলাফল অনুযায়ী দেখা যাচ্ছে যে, প্রস্তাবিত জাতটির গড় জীবনকাল ১৮৭দিন এবং আমন মৌসুমে এত অধিক জীবনকালসম্পন্ন জাত বাংলাদেশের প্রেক্ষাপটে প্রয়োজন কি না তা বিবেচনা করা উচিত।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মাঠ মূল্যায়ন ফলাফলের দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ঢাকা অঞ্চলের ২টি স্থান ব্রি, গাজীপুর ও হরিরামপুর, মানিকগঞ্জ এ প্রস্তাবিত জাতটির ফলন যথাক্রমে ১.৮৮ ও ০.৩১ টন/হে.; অপরদিকে ভাঙ্গা, ফরিদপুরে ফলন ৬.৫৮ টন/হে. এবং মূল্যায়ন ফলাফল পর্যালোচনা করে দেখা যাচ্ছে, উক্ত বোনা আমন ধানের জাতটির ফলন ও জীবনকালের ব্যাপ্তি যথাক্রমে ০.৩১-৬.৫৮ টন/হে. এবং ১৮৫-২০৩ দিন। জাতটির ফলন ও জীবনকালের এত তারতম্যের কারণে জাতটি ছাড়করণ করা সম্ভব নয়। সভার সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৮ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL. NO. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Opinion of Field Evaluation Team | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 1. | Dhaka | BRRI, Gazipur | 187 | 176 | 1.88 | 0.83 | ShB-7, BB-5 | ShB-7, BB-7 | SB-1 | 0 | | 126.51% | ৫টি স্থানে (২টি অনস্টেশন ও ৩টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |
| 2 | | Harirampur ,Manikganj | 188 | - | 0.31 | - | BLB-5, BS-3, ShR-3 | ShB-3, Fsm-3 | SB-1, RB-5 | - | Check variety damaged | | |
| 3 | Faridpur | BRRI, Gopalganj | 187 | 166 | 6.58 | 2.95 | BS-3, ShR-3 | BS-3, ShR-3 | YSB-3, RB-3 | YSB-5, RB-5 | | 123% | |
| 4 | | Bhanga, Faridpur | 197 | 160 | 3.35 | 3.14 | BS-5, BB-1 | 0 | YSB-3, RB-3 | YSB-5, RB-5 | | 6.69% | |
| 5 | Sylhet | BRRI, Habiganj | Damage | | | | | | | | | | |
| 6 | | Baniachang Habiganj | Damage | | | | | | | | | | |
| 7 | Chottogram | Rangunia, Chottogram | 186 | 156 | 5.06 | 3.51 | ShB-3, BB-3 | ShB-3 ,BB-1 | SB-3, BPH-3 | SB-1 | Strongly photosensitive | 44.16% | |
| 8 | Cumilla | BRRI, Cumilla | 203 | 208 | 3.08 | 2.22 | ShB-3 | ShB-5 | SB-1 | SB-1 | | 38.7% | |
| 9 | Rajshahi | Baraigram, Natore | 166 | 158 | 1.15 | 1.10 | ShB-3, BS-1, BB-3 | ShB-3, BS-1, BLB-3, | SB-1, RB-1, WH-1 | SB-1, RB-1, Rat damage 10% | | 4.54% | |
| 10 | Bogra | Sahajadpur ,Sirajganj | 185 | 162 | 5.96 | 3.17 | ShB-1, BS-3, FS-1 | ShB-3, BS-3 | SB-3,YSB-3,LF(adult)-1, Bird damage-7% | SB-1,YSB-1,LF-3, Bird damage-90% Rat damage9% | | 88% | |
| Mean | | | 187 | 169 | 3.42 | 2.42 | | | | | | | |

Check Variety –BRRI dhan91

N.B: SHB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, LB=Leaf Blight, NB=Neck Blast, LS=Leaf Steak, BLS=Bacterial leaf Steak, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper, YSB=Yellow Stem Borer, Fsm = False Smut

**সিদ্ধান্ত: প্রস্তাবিত কৌলিক সারিটি BR10260-5-15-21-6B বিভিন্ন স্থানে ফলন ও জীবনকালের বেশী তারতম্যের কারণে এনএসবি বরাবর ছাড়করণের জন্য সুপারিশ করা হলো না।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ০১(এক)টি ইনব্রিড আমন ধানের জাত ছাড়করণ।**

**IR57515 PMI-8-1-1-SRN-1-1 (বিনা ধান২৬):** প্রস্তাবিত বিনাধান২৬ এর কৌলিক সারি নং- IR57515 PMI-8-1-1-SRN-1-1। কৌলিক সারিটি হরি-ফিলিপাইন হতে সংগ্রহ করা হয়। সারিটি প্রজনন প্রক্রিয়ায় পরীক্ষা নিরীক্ষা ও দেশের বিভিন্ন অঞ্চলে আমন মৌসুমে ফলন পরীক্ষায় চেক জাত ব্রি ধান৪৯ হতে ফলন বেশি হওয়ায় জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করে ২০২২-২৩ সালে বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০(দশ) টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়।

এ জাতের ডিগ পাতা খাড়া এবং এটি একটি আলোক অসংবেদনশীল জাত। পূর্ণ বয়সক গাছের গড় উচ্চতা ১১০ সে.মি.। ধানের দানা লম্বা চিকন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৭১ গ্রাম, প্রোটিনের পরিমান ৯.৪% ও এ্যামাইলোজের পরিমান ২৬.৪%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity** এবং **Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Time of heading (50% of plants with heads), Culm diameter, Culm: Length, Panicle: number of effective tillers in plant, Time of maturity, Grain: weight of 1000 fully developed grains (at 12%), Grain: length (without dehulling), Decorticated grain: length (After dehulling, before milling)** এবং **Decorticated grain: shape (Length-breadth ratio** এই ৯টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৪৯ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

***ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।***

জনাব আহমেদ শাফী, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, মাঠ মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটি ১০টি স্থানের মধ্যে ০৭টি স্থানে (২টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া যায়। বিদ্যমান ইনব্রিড ধানের গাইডলাইন অনুযায়ী প্রস্তাবিত জাতটি সারাদেশে ছাড়করণ করা যেতে পারে। কিন্তু বিনা কর্তৃক আবেদনের সময় প্রস্তাবিত জাতটি বিএলবি রোগ প্রতিরোধী হিসেবে প্রমাণক দাখিল করেন। বীজ প্রত্যয়ন এজেন্সী বিএলবি প্রতিরোধী জিনের উপস্থিতি পরীক্ষার জন্য স্বীকৃত প্রতিষ্ঠান ব্রি, গাজীপুর এ প্রেরণ করেন। প্রস্তাবিত জাতে (বিএসবি-২৪) কৃত্রিমভাবে জীবাণু ইনুকোলেশন করা হয় এবং প্রাপ্ত ফলাফলে দেখা যায় যে, প্রস্তাবিত জাতটি বিএলবি সংবেদনশীল যার রোগ সংবেদনশীলতার স্কোর-৭ (০-৯ স্কেলে)। এই ব্যাপারে বিনা কর্তৃপক্ষ প্রস্তাবিত জাত বিএলবি প্রতিরোধী হিসেবে ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং রিপোর্ট দাখিল করেছেন যাতে প্রস্তাবিত জাতে Xa4 এবং Xa5 জিনের উপস্থিতি পাওয়া গেছে।

ড. খন্দকার মো: ইফতেখারদৌলা, সিএসও ও প্রধান, ব্রি বলেন, শুধুমাত্র Xa4 এবং Xa5 জিনের উপস্থিতি যথেষ্ট নয়।

এ পর্যায়ে সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি মহোদয় জানতে চান, বাংলাদেশের প্রেক্ষাপটে বিএলবি রোগ প্রতিরোধের জন্য কোন জিনটি বেশি কার্যকর। এর উত্তরে ড. খন্দকার মো: ইফতেখারদৌলা, সিএসও, ব্রি বলেন, বিএলবি রোগ প্রতিরোধের জন্য বাংলাদেশের প্রেক্ষাপটে Xa21সহ দায়ী জিনগুলো যত বেশি সংখ্যক থাকবে তত বেশি দিন যাবত সেই জাতটি রোগ প্রতিরোধ ক্ষমতা প্রদর্শন করবে। প্রস্তাবিত জাতটির ফলন ১০টি স্থানের মধ্যে ০৭টি স্থানে (২টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) চেক জাতের চেয়ে ১০% বেশি হওয়ায় ফলনের বিবেচনায় জাতটি ছাড়করন করা যেতে পারে। সভার সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন।

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর প্রস্তাবিত বিনাধান২৬ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| SL. NO. | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Opinion of Field Evaluation Team | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 1. | Dhaka | BRRI, Gazipur | 125 | 133 | 5.136 | 5.350 | ShB-5, BB-1 | ShB-5, BB-1 | | | | -4% | |
| 2 | Mymensingh | BINA | 126 | 137 | 7.22 | 5.863 | ShB-1 | ShB-3, Fsm-3 | 0 | 0 | | 23% | |
| 3 | Faridpur | BRRI, Faridpur | 123 | 128 | 5.471 | 5.524 | BS-5, BB-3, ShR-1 | BS-3, BB-1 | YSB-1 | YSB-1 | | -0.96% | |
| 4 | Jashore | Sadar, Jashore | 125 | 131 | 4.93 | 3.65 | BS-5 | BS-7 | 0 | SB-1 | Drought occurred due to scarcity of irrigation | 35% | |
| 5 | Chottogram | Sadar Feni | 128 | 133 | 5.442 | 5.255 | BLS-1, ShB-3 | ShB-3 | SB-1 | - | | 3.55% | ০৭টি স্থানে (২টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |
| 6 | Cumilla | Laksham | 130 | 136 | 6.74 | 6.01 | BB-3, Fsm-1, ShB-3 | BB-3, Fsm-1, ShB-3 | SB-1, RB-1 | SB-1, RB-1 | | 12.15% | |
| 7 | Bogura | Sadar Bogura | 122 | 122 | 5.31 | 4.84 | ShB-3,BS-1,BB-1 | ShB-3 ,BB-1 | WH-1, RB-3 | WH-1, RB-3 | | 10.00% | |
| 8 | Barishal | Babuganj | 140 | 135 | 4.98 | 4.51 | BLB-3 | BLB-1 | YSB-1 | YSB-1 | | 10.42% | |
| 9 | Rangpur | BRRI, Rangpur | 125 | 132 | 7.168 | 6.515 | Fsm-1 | Fsm-1 | SB-3, LF-1 | SB-3, LF-1 | | 10.02% | |
| 10 | Dinajpur | Sadar, Dinajpur | 130 | 128 | 8.25 | 6.99 | ShB-1 | ShB-1, Fsm<1 | SB-1 | SB-1 | | 18.02% | |
| Mean | | | 127 | 131 | 5.83 | 5.28 | | | | | | | |

Check variety-BRRI dhan49

N.B: SHB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, LB=Leaf Blight, NB=Neck Blast, LS=Leaf Steak, BLS=Bacterial leaf Steak, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper, YSB=Yellow Stem Borer, Fsm = False Smut

**সিদ্ধান্ত: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত IR57515 PMI-8-1-1-SRN-1-1 কৌলিক সারিটি আমন মৌসুমে বিনাধান২৬ হিসেবে ছাড়করণের জন্য** জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

**আলোচ্য বিষয় ৬:** এসিআই **কর্তৃক প্রস্তাবিত** জিংক সমৃদ্ধ ০১(এক)টি ইনব্রিড আমন ধানের জাত ছাড়করণ।

IR102481-BK-BK-ACI28-3-1 **(এসিআই ধান১): এসিআই ধান১** আদি কৌলিক সারি IR102481-BK-BK IRRI philippines segregation population Pedigree selection এসিআই লিমিটেড কর্তৃক ২০১৬ সালে IRRI philippines এর segregation population থেকে সংগ্রহ করার পর ২০১৭ সার থেকে ২০১৯ সাল পর্যন্ত এসিআই এর

নিজস্ব গবেষণা মাঠে Pedigree selection এর মাধ্যমে সিলেকশন করা হয় এবং বর্তমানে যার কৌলিক সারি নং- IR102481-BK-BK-ACI28-3-1। উক্ত অগ্রবর্তী লাইনটি ২০২০ এবং ২০২১ সালে অনস্টেশন সহ ৩টি কৃষকের জমিতে ফলন উপযোগিতা যাচাই করে পরপর ২ বছরেই প্রচলিত জাত ব্রি ধান৬২ এর চেয়ে ফলন সন্তোষজনক হওয়ায় কৌলিক সারিটি জাত হিসেবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয় এবং ২০২২-২৩ সালে বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ১০(দশ) টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়।

এ জাতের ডিগ পাতা খাড়া এবং ধান পাকার পরও ডিগ পাতা সতেজ থাকে । পূর্ণবয়স্ক গাছের উচ্চতা ১০২-১০৫ সে.মি.। এ জাতের ধান ব্রি ধান৬২ এর চেয়ে সামান্য ছোট এবং প্রোটিনের পরিমান ৮.২%। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.১৩ গ্রাম ও এ্যামাইলোজের পরিমান ২৫.১২%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity এবং Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Culm diameter, Culm: Length, Panicle: number of effective tillers in plant, Grain: weight of 1000 fully developed grains (at 12%), Decorticated grain: length (After dehulling, before milling) Leaf senescence, Decorticated, unpolished grain: color এবং Endosperm: content of amylose** এই ৮টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৬২ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

*ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৩ অনুসারে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকালসম্পন্ন চেক জাত (ছাড়কৃত সর্বোচ্চ ফলনসম্পন্ন জাত)-এর চাইতে কমপক্ষে ৬টি স্থানে ন্যূনতম ১০% বেশি ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।*

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সাধারণত চালে কি পরিমাণ জিংক পাওয়া যায় এ ব্যাপারে বিজ্ঞানিদের মতামত জানতে চান।

প্রফেসর নাসরীন আক্তার আইভী, বশেমুরকৃবি, সালনা, গাজীপুর, বলেন সাধারণত চালে ১৫-১৬মি.গ্রা./কেজি এর বেশি পাওয়া যায় না।

মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সীড টেকনোলজি বলেন, জিংক এর আন্তর্জার্তিক মানদন্ড অনুযায়ী চালে ১৮-২০ মি.গ্রা./কেজি হলে কম মাত্রার, ২০-২২ মি.গ্রা./কেজি হলে মধ্যম মাত্রার এবং ২২-২৫ মি.গ্রা./কেজি হলে বেশি মাত্রার জিংক (২৪.৮ মি.গ্রা./কেজি) সমৃদ্ধ জাত হিসেবে স্বীকৃতি পাবে।

ড. আবু জামান সরকার, পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), বিডব্লিউএমআরআই জানতে চান প্রস্তাবিত জাতটির জিংক এর পরীক্ষা polished নাকি unpolished grain থেকে করা হয় এবং কোন প্রতিষ্ঠান থেকে করা হয়।

এম এ সালাম, চীফ এডভাইজর রাইস জেনেটিক্স, এসিআই বলেন, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর কেন্দ্রীয় গবেষণাগারে polished at 10% degree of milling grain হতে পরীক্ষা করা হয়।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ISO Certrified Laboratory থেকে পরীক্ষা করার কথা উল্লেখ করেন। ISO Certrified Laboratory থেকে পরীক্ষা করার সুযোগ না থাকলে সেক্ষেত্রে যেকোনো স্বীকৃত Laboratory থেকে পরীক্ষা করা যাবে। তিনি প্রস্তাবিত জাতের ফলাফল বিশ্লেষণ করে জাতটির জীবনকাল, ফলন ও জিংক এর পরিমাণের বিবেচনায় আমন মৌসুমের স্বল্প জীবনকালসম্পন্ন জিংক সমৃদ্ধ জাত হিসেবে ছাড়করনের প্রস্তাব করেন। সভার সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন।

এসিআই এর প্রস্তাবিত ০১ (এক) টি জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্র. নং | প্রস্তাবিত জাত/ কৌলিক সারির নাম | গড় জীবনকাল | | গড় ফলন (টন/হে.) | | বিভিন্ন অঞ্চলে রোগবালাই এর আক্রমন | স্বাতন্ত্র্য | বিশেষ বৈশিষ্ট্য | মাঠ মূল্যায়ন দলের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রস্তাবিত জাত | চেক জাত | প্রস্তাবিত জাত | চেক জাত | | | | |
| ক. | **এসিআই ধান১** (IR102481-BK-BK-ACI28-3-1) | ১০৯ | ১০৭ | ৫.০৭ | ৪.১১ | Shb, BB, BLB, SB, LR, RB, WH,YSB, Tungro | চেক জাত ব্রি ধান৬২ থেকে ৮টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায় | জিংক সমৃদ্ধ (২৪.৮ মি.গ্রা./কেজি) | ১০টি স্থানেই (৪টি অনস্টেশন ও ৬টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি |
| *Shb-Sheath Blight, BB-Bacterial Blight, BLB-Bacterial Leaf Blight, SB-Stem Borer, YSB-Yellow Stem Borer | | | | | | | | | |

**সিদ্ধান্ত: (১) এসিআই কর্তৃক প্রস্তাবিত IR102481-BK-BK-ACI28-3-1কৌলিক সারিটি আমন মৌসুমে** স্বল্প জীবনকালসম্পন্ন **জিংক** সমৃদ্ধ জাত **এসিআই ধান১ হিসেবে ছাড়করণের জন্য** জাতীয় বীজ বোর্ড বরাবর **সুপারিশ করা হলো।**

**(২)** প্রস্তাবিত জাতের বিশেষগুণ পরীক্ষার জন্য ISO Certrified Laboratory থেকে পরীক্ষা করতে হবে। এক্ষেত্রে ISO Certrified Laboratory থেকে পরীক্ষা করার সুযোগ না থাকলে যেকোনো স্বীকৃত Laboratory থেকে পরীক্ষা করা যাবে।

**আলোচ্য বিষয় ৭: বিবিধ:**

**ক) ২০২১-২২ আমন মৌসুমের ২টি হাইব্রিড ধানের ফলাফল পুনরায় পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ**

জাতীয় বীজ বোর্ডের ১০৯তম সভার আলোচ্য বিষয় (৯) এর সিদ্ধান্ত অনুযায়ী আমন মৌসুমের প্রস্তাবিত সিনজেন্টা হাইব্রিড ধান৯ এবং অস বাংলা হাইব্রিড ধান১ জাত ২টির বৈশিষ্ট্য পর্যালোচনার জন্য কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভায় আমন মৌসুমে চাষাবাদের জন্য সিনজেনটা হাইব্রিড ধান৯ চট্টগ্রাম, বরিশাল, এবং রংপুর অঞ্চলে এবং অস-বাংলা হাইব্রিড ধান১ AUS 2A/SR জাতটি সারাদেশে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করে। কিন্তু জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় উক্ত জাত ২টির ফলন, এ্যামাইলোজ এর পরিমান এবং চালের আকৃতি বিবেচনায় অনুমোদিত হয়নি। পরবর্তী সময়ে কোম্পানী ২টি কর্তৃক দরখাস্তের পরিপ্রেক্ষিতে কারিগরি কমিটি উক্ত ২টি জাত বিবেচনার জন্য পুনরায় জাতীয় বীজ বোর্ডে প্রেরণ করে। জাতীয় বীজ বোর্ড এর ১০৯তম সভায় উক্ত জাত ২টির বৈশিষ্ট্য পর্যালোচনার জন্য কারিগরি কমিটিকে নির্দেশনা প্রদান করে। সিনজেনটা জানায়, এটি বিএলবি প্রতিরোধী এবং এই সংক্রান্ত প্রয়োজনীয় কাগজ বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর দাখিল করে। জনাব আহমেদ শাফী, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, সিনজেনটা কর্তৃক দাখিলকৃত কাগজপত্রে বিএলবি প্রতিরোধী জিনের উপস্থিতি প্রমাণের জন্য ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং এর কোন ডাটা পাওয়া যায়নি।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, আমন মৌসুমে বিদ্যমান ইনব্রিড ও হাইব্রিড জাতগুলো প্রস্তাবিত জাতগুলোর তুলনায় উচ্চফলনশীল। তাই উক্ত জাত ০৩(তিন)টি নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো না।

**২০২১-২২ আমন মৌসুমের উক্ত ২টি হাইব্রিড ধানের** জাতের তথ্য নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্র. নং. | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি হাইব্রিড ধান৬ এর গড় ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস (%) | অনফার্ম হেটারোসিস (%) | |
| ১ | **অস-বাংলা হাইব্রিড ধান১** | অস-বাংলা এগ্রো | ফলন: ৫.৫৩ | ফলন: ৪.৮১ | চাল চিকন লম্বা | ঢাকা | ১৮.৬৮ | ১০.৭০ | সারাদেশে |
| | | | | | | চট্টগ্রাম | ৯.০৯ | ১১.১৯ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | (AUS-Bangla Hybrid dhan1 AUS 2A/5R) | | জীবনকাল ১১৭ | জীবনকাল: ১১৭ | | রংপুর | ২৮.২৬ | ১৯.০০ | |
| | | | | | | বরিশাল | ৬.৭৩ | ৬.৪১ | |
| ২ | সিনজেনটা হাইব্রিড ধান৯ Syngenta Hybrid dhan9 (S-1203) (RH-664+) উৎস:ভারত | সিনজেনটা বাংলাদেশ লি: | ফলন: ৫.৩০ জীবনকাল: ১১৯ | ফলন: ৪.৮১ জীবনকাল: ১১৭ | গাছের উচ্চতা ১১৮ সেমি. | চট্টগ্রাম | ৭.৫৭ | ৫.৯৩ | চট্টগ্রাম, রংপুর ও বরিশাল |
| | | | | | | রংপুর | ৬.১৫ | ১৩.৯৩ | |
| | | | | | | বরিশাল | ৬.৯৪ | ২৭.৪৫ | |
| ৩ | **সুগন্ধা হাইব্রিড ধান১** (AF-002) উৎস:চীন | **সুগন্ধা এগ্রি ইন্ডাস্ট্রিজ** | ফলন: ৮.৫ জীবনকাল ১৪৪ | ফলন: ৭.৮ জীবনকাল: ১৪৩ | চাল মাঝারি মোটা | ঢাকা | ৫.০৬ | ৭.৬০ | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী |
| | | | | | | চট্টগ্রাম | ৫.৮৮ | ৬.০৮ | |
| | | | | | | রাজশাহী | ১১.৪৭ | ৭.১৭ | |

**সিদ্ধান্ত: ২০২১-২২ আমন ও বোরো মৌসুমের ট্রায়ালকৃত ৩টি হাইব্রিড ধানের** জাত নিম্ন ফলনের কারণে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো না।

**খ) আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন**

NSB এর ৮৫তম সভার আলোচ্য সূচী ৩ এর আলোকে মূল্যায়ন দল ৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি হিসেবে পুনর্গঠিত হয় । এ কমিটি নিম্নরূপ:

| ক্র নং | মূল্যায়ন দলের সদস্য | পদবী |
|---|---|---|
| ১ | অতিরিক্ত পরিচালক, ডিএই | দলনেতা |
| ২ | জেলা বীজ প্রত্যয়ন অফিসার | সদস্য |
| ৩ | উপপরিচালক (মার্কেটিং), বিএডিসি | সদস্য |
| ৪ | কীটতত্ত্ববিদ, (সংশ্লিষ্ট ফসল, পার্শ্ববর্তী NARS প্রতিষ্ঠান) | সদস্য |
| ৫ | রোগতত্ত্ববিদ (সংশ্লিষ্ট ফসল, পার্শ্ববর্তী NARS প্রতিষ্ঠান) | সদস্য |
| ৬ | প্রজননবিদ (প্রার্থীত জাত, পার্শ্ববর্তী NARS প্রতিষ্ঠান) | সদস্য |
| ৭ | আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার (এসসিএ) | সদস্য সচিব |

তারপর টেকনিক্যাল কমিটির ৯১তম সভার সিদ্ধান্তের আলোকে বিদ্যমান কমিটির পুনর্গঠনের জন্য NSB বরাবর সুপারিশ করা হয়। উক্ত প্রস্তাবে মূল্যায়ন দলের আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সভাপতি এবং জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য সচিব করার প্রস্তাব করে। কিন্তু এটি NSB কর্তৃক অনুমোদিত হয়নি। বর্তমানে মূল্যায়ন দলের সার্বিক কাজ সম্পাদন/বাস্তবায়ন করেন জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীগণ। তাই আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের দলনেতা, অতিরিক্ত পরিচালক, ডিএই কে ঠিক রেখে সদস্য সচিব হিসেবে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে এবং আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য করে আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠনের জন্য এ সভায় প্রস্তাব করা হচ্ছে।

জনাব এ. এইচ. এম. হুমায়ুন কবীর, সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড বলেন হাইব্রিড ধানের মাঠ মূল্যায়নকালে বেসরকারী বীজ কোম্পানী থেকে কোন প্রতিনিধিকে মূল্যায়ন কার্যক্রমে আমন্ত্রন জানানো হয় না।

জনাব আহমেদ শাফী, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন, ইনব্রিড জাতের মাঠ মূল্যায়নকালে প্রার্থীত জাতের সংশ্লিষ্ট প্রজননবিদকে মূল্যায়ন কার্যক্রমে আমন্ত্রন জানানো হয় কিন্তু হাইব্রিড ধানের মাঠ মূল্যায়নকালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর হাইব্রিড রাইস ডিভিশন থেকে একজন প্রজননবিদকে মূল্যায়ন কার্যক্রমে আমন্ত্রন জানানো হয়।

জনাব ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন মূল্যায়ন কার্যক্রম নিখুঁতভাবে সম্পাদন/বাস্তবায়ন করার জন্য জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য সচিব হিসেবে নির্বাচিত করে আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন করলে মূল্যায়ন কার্যক্রম আরো বেগবান হবে। তিনি হাইব্রিড ধানের মাঠ মূল্যায়নকালে বেসরকারী বীজ কোম্পানী থেকে একজন প্রতিনিধিকে মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহন করার বিষয়টি পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সীকে বিবেচনা করতে বলেন।

এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** (১) জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য সচিব এবং আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য করে আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মূল্যবান মতামত প্রদান করার জন্য ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/05/2024

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
এবং
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি